# হাকিমপুর পৌরসভা কার্যালয়
## হাকিমপুর, দিনাজপুর।

## হাকিমপুর পৌরসভার ২০২৬-২০২৭ অর্থবছরের ৩০,২৬,৭৩,৬৪৪/- বাজেট ঘোষণা

আজ ২৯.০৬.২০২৬ ইং সকাল ১১:০০ ঘটিকায় হাকিমপুর পৌর কর্ম সম্পাদন সহায়তা কমিটির সদস্যবৃন্দের উপস্থিতিতে পৌরসভা নাগরিক সেবার মানোন্নয়ন, অবকাঠামো উন্নয়ন এবং জনকল্যাণমূলক কার্যক্রমকে অগ্রাধিকার দিয়ে হাকিমপুর পৌরসভার ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য মোট ৩০,২৬,৭৩,৬৪৪/- টাকার উন্নয়নমুখী ও জনকল্যাণমূলক প্রাক-বাজেট ঘোষণা করা হয়। বাজেটে কোনো নতুন কর আরোপ না করেই নাগরিক সুবিধা বৃদ্ধি, যোগাযোগ ব্যবস্থার আধুনিকায়ন এবং বর্জ্য ব্যবস্থাপনায় বিশেষ জোর দেওয়া হয়েছে। প্রস্তাবিত বাজেট অনুযায়ী আগামী ২০২৬-২০২৭ অর্থবছরে পৌরসভার রাজস্ব ও উন্নয়ন বাবদ মোট আয় ৩০ কোটি ২৬ লাখ ৭৩ হাজার ৬৪৪ টাকা এবং রাজস্ব ও উন্নয়ন খাতে সম্ভাব্য মোট ব্যয় ২৯ কোটি ৮২ লাখ ৪১ হাজার ৪৫৪ টাকা ও স্থিতি ৪৪,৩২,১৯০/- ধরা হয়েছে। এ সময় পরিচ্ছন্ন, পরিকল্পিত ও জনবান্ধব পৌরসভা গড়ে তুলতে সকলের সম্মিলিত সহযোগিতা কামনা করা হয়।

অনুষ্ঠানে পৌরসভার সহায়তা কমিটির সদস্য ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভারপ্রাপ্ত কর্মকর্তা, হাকিমপুর থানা, উপজেলা প্রকৌশলী, সমাজসেবা কর্মকর্তা, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সহ প্রকৌশলীবৃন্দ এবং কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

**জর্জ মিত্র চাকমা**
প্রশাসক
হাকিমপুর পৌরসভা
কার্যালয়